

💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ বাজার প্রবেশ করলে রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বাজার প্রবেশ করলে

لا إِلَهَ إِلا اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي وَيُمِيتُ وَهُوَ حَيُّ لا يَمُوتُ ، بِيَدِهِ الْخَيْرُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

উচ্চারণঃ- লা ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা শারীকা লাহ, লাহুল মুলকু অলাহুল হামদু য়্যুহয়ী অ য়্যুমীতু অহুয়া হাইয়ুল লা য়্যামূত, বিয়াদিহিল খাইরু অহুয়া আলা কুল্লি শাইয়িন ক্লাদীর।

অর্থঃ আল্লাহ ব্যতীত কোন সত্য উপাস্য নেই। তিনি একক, তার কোন অংশী নেই। তাঁরই নিমিত্তে সারা রাজত্ব ও সকল প্রশংসা। তিনি জীবিত করেন ও মৃত্যু দান করেন। তিনি চিরঞ্জীব, তাঁর মৃত্যু নেই। তারই হাতে যাবতীয় মঙ্গল এবং তিনি সর্ব বস্তুর উপর সর্বশক্তিমান।

বাজার প্রবেশ করে এই দুআটি যে পাঠ করবে, আল্লাহ তাআলা তার জন্য ১০ লক্ষ পুণ্য লিপিবদ্ধ করবেন, তার ১০ লক্ষ পাপ মোচন করে দেবেন, তাকে ১০ লক্ষ মর্যাদায় উন্নীত করবেন এবং বেহেস্তে তার জন্য একটি গৃহ নির্মাণ করবেন।" (সঃ তিরমিযী২/১৫২, হাকেম ১/৫৩৮)

বাজার হল গাফলতি ও ঔদাস্যের জায়গা। তাই সেখানে ঐ দুআ পাঠ করলে এত এত সওয়াব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11799

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন